গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঈশ্বরদী, পাবনা
www.ishurdi.pabna.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৭৬৩৯.০০০.১১.০০২.২০২৩-১২৩৩

তারিখ ঃ ১৯ ভাদ্র ১৪৩০ / ০৩ সেপ্টেম্বর ২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

পাবনা জেলার ঈশ্বরদী উপজেলাধীন বিভিন্ন ইউনিয়নে মহল্লাদার (গ্রাম পুলিশ) পদে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিয়োগ প্রদানের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নম্বর	ইউনিয়নের নাম	পদের নাম	পদসংখ্যা
০১	সাঁড়া	মহল্লাদার (গ্রাম পুলিশ)	০৪
০২	পাকশী	মহল্লাদার (গ্রাম পুলিশ)	০১
০৩	মুলাডুলি	মহল্লাদার (গ্রাম পুলিশ)	০২
০৪	দাশুড়িয়া	মহল্লাদার (গ্রাম পুলিশ)	০৩
০৫	সলিমপুর	মহল্লাদার (গ্রাম পুলিশ)	০২
০৬	সাহাপুর	মহল্লাদার (গ্রাম পুলিশ)	০১
০৭	লক্ষীকুন্ডা	মহল্লাদার (গ্রাম পুলিশ)	০১

ক্রমিক নম্বর	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
০১	মহল্লাদার (গ্রাম পুলিশ)	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগ	কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। পুরুষ প্রার্থীর ক্ষেত্রে শারীরিক যোগ্যতা ঃ- (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি (খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) (গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি নারী প্রার্থীর ক্ষেত্রে শারীরিক যোগ্যতা ঃ- (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট (খ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) (গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি

আবেদনের শর্তাবলী ঃ

০১) নির্ধারিত আবেদন ফরম পূরণপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনা বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে।

০২) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফরমটি এ কার্যালয়ের ওয়েব সাইটে www.ishurdi.pabna.gov.bd এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের ওয়েবসাইটে পাওয়া যাবে অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয়ে আবেদন ফরমের ছায়ালিপি পাওয়া যাবে। কোন প্রকার ঘষামাজা, ওভাররাইটিং ও কাটাছেঁড়া ব্যতিরেকে আবেদনপত্র দাখিল করতে হবে।

০৩) প্রার্থীদের পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার অন্তর্গত সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে।

০৪) প্রার্থীর বয়স ০৭-০৯-২০২৩ খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বিধি মোতাবেক মুক্তিযোদ্ধা কোটাধারীধের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৫) প্রার্থীকে অবশ্যই খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।

০৬) **আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে ঃ**

(ক) যে কোন তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাংক থেকে উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনার অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) (খ) জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি (গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (ঘ) অন্যান্য অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) (ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূলকপি (চ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি

(ছ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এর প্রমাণ পত্রের বা মূলসনদের সত্যায়িত কপি (জ) ক্ষুদ্র-নৃ গোষ্ঠী, এতিম,শারীরিক প্রতিবন্ধী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য এবং মহিলা কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি (ঝ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা হলে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের প্রমাণক, মুক্তিযোদ্ধার প্রমাণক, আবেদনকৃত তারিখের সমন্বিত তালিকা (মুক্তিযুদ্ধ মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত) (ঞ) প্রার্থীর যোগাযোগের ঠিকানা সংবলিত এবং অব্যবহৃত ১০ (দশ) টাকার ডাকটিকিটযুক্ত ১০ ইঞ্চিx৪.৫ ইঞ্চি সাইজের ফেরত খাম।

০৭) মহল্লাদার এর শূন্য পদে লোক নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধিমালায় বর্ণিত যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লদার এর পুত্র, কন্যা বা পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

০৮) সাক্ষাৎকারের সময় আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

০৯) আবেদনপত্র আগামী ০৭-০৯-২০২৩ খ্রি. তারিখ থেকে ২১-০৯-২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ৯:০০টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত) এ কার্যালয়ে পৌঁছাতে হবে। নির্ধারিত সময় শেষে আর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১০) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে কোন আপত্তি বিবেচনা করা হবে না এবং নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১১) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২) নিয়োগের ক্ষেত্রে সকল বিধি-বিধান ও কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে। প্রার্থী কোন কোটার সুবিধার আওতায় আবেদন করলে খামের উপরে এবং আবেদনের উপরে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১৩) নিয়োগকারী কর্তৃপক্ষ যেকোন সময়ে/পর্যায়ে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৩/০৯/২০২৩

(সুবীর কুমার দাশ)
উপজেলা নির্বাহী অফিসার
ঈশ্বরদী, পাবনা
☎ ০২৫৮৮৮৪৬৪৮৩
ই-মেইলঃ unoishurdi@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৭৬৩৯.০০০.১১.০০২.২০২৩-১২৩৩

তারিখঃ ১৯ ভাদ্র ১৪৩০ / ০৩ সেপ্টেম্বর ২০২৩

<u>সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ</u>

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৩। জেলা প্রশাসক, পাবনা
০৪। পুলিশ সুপার, পাবনা
০৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, পাবনা
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, পাবনা
০৭। সিভিল সার্জন, পাবনা
০৮। চেয়ারম্যান...ইউনিয়ন পরিষদ (সকল), ঈশ্বরদী, পাবনা। তাকে বিজ্ঞপ্তিটি জনবহুল স্থানে টাঙ্গিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণসহ ইউনিয়নের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৯। সহকারী কমিশনার (ভূমি), ঈশ্বরদী, পাবনা
১০। অতিরিক্ত পুলিশ সুপার, ঈশ্বরদী সার্কেল, পাবনা
১১। অফিসার ইনচার্জ, ঈশ্বরদী থানা, পাবনা
১২। উপজেলা ....অফিসার (সকল), ঈশ্বরদী, পাবনা
১৩। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঈশ্বরদী, পাবনা। বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৪। নোটিশ বোর্ড
১৫। অফিস নথি

০৩/০৯/২০২৩

(সুবীর কুমার দাশ)
উপজেলা নির্বাহী অফিসার
ঈশ্বরদী, পাবনা
☎ ০২৫৮৮৮৪৬৪৮৩
ই-মেইলঃ unoishurdi@mopa.gov.bd